L 5348 35Rs.

पैंतीस रुपया

भारत

INDIA

THIRTY FIVE RUPEES

३५रु. 35Rs.

১

20.50

Sub-Registrar of Alipore
24 PARGANAS
10.7.63

| বিক্রয় কোবালা গ্রহীতা ।– | বিক্রয় কোবালা দাতা ।– |
| --- | --- |
| শ্রীতারাপদ সরকার ।– | শ্রীসতীশ চন্দ্র হালদার ।– |
| পিতা স্বর্গীয় ভক্তীচরন সরকার । | পিতা স্বর্গীয় গোপাল চন্দ্র হালদার ।– |
| জাতি হিন্দু ।– | জাতি হিন্দু ।– |
| পেশা চাকুরী ।– | পেশা চাকুরী ।– |
| সাকিম ১৭১নং বিজয়গড় কলিঃ-৩২, | সাকিম সন্তোষপুর কলিঃ-৩২, |
| থানা সদর, যাদবপুর ।– | থানা সদর যাদবপুর ।– |
| জেলা চব্বিশ পরগনা ।– | জেলা চব্বিশ পরগনা ।– |

২৭৮১. দুই হাজার সাতশত একাশী টাকা মাত্র, মূল্যের সাফ বিক্রয়ের কোবালাপত্র ঃ——

কস্য রায়তী স্থিতিবান স্বত্বের ... ২৮ কো...

মুক্ত জমি, কোবালা দাতার যাবতীয় স্বত্ব, স্বামীত্ব, দাবি দাওয়া, সুযোগ সুবিধা, ও হক–

হকিয়তাদির নিঃস্বত্বে বিক্রয়ের সাফ কোবালাপত্র মিদং কার্য্যঞ্চাগে ঃ——

483

Sold to Tarapada Sarkar
of Tollygunge Colony Cal-32
Date 7.7.64 Value Rs 35/-

35/-
30/-
2/50
Rs 67/50

15/45 ... 10th day
July 1964 in the office of the Sub-Registrar ... Sadar
by Satish Chandra Halder
Presentation ... Power of attorney

Execution is admitted by Satish Chandra Halder
son of Lt. Gopal Ch. Halder
... Sonarpur
District 24 Pargs
Service

Sub-Registrar of Alipore
Dist. 24 PARGANAS
10.7.64

7024

Identified by
Hrishikesh Paul
son of Lt. Santosh Paul
Garfa ... Sadar
24 Pargs
Hindu
Deed writer

Sub-Registrar of Alipore
Dist. 24 PARGANAS
10.7.64

30Rs.






শ্রী সতীশ চন্দ্র হালদার

**জেলা** চব্বিশপরগনা, থানা সদর যাদবপুর, সব রেজেষ্টারী আলিপুর, — হালতু ইউনিয়ান বোর্ডের এলাকাধিন, পরগনা খাসপুর, রেভিনিউ সার্ভে নং ১৭; জেলা ২৪ পরগনা কালেক্টারীর, ২৩০, ২৩৩ নং তৌজি ভুক্ত বর্ত্তমান রিভিসন্যাল — সেটেল মেন্ট রেকর্ডে, জে, এল, নং ২২, মৌজা সন্তোষপুর গ্রামে, হাল ২৮২ নং খতি — য়ান ভুক্ত, ৭৬৬ নং দাগ, সাবেক ৬৮৩ নং দাগের একাংশ ভুত সম্পত্তি হইতেছে। —

**উপরোক্ত** ২৮২ নং খতিয়ান ভুক্ত, হাল ৭৬৬ ও ৭৬৭ নং দাগের অন্তর্গত — ০.৬২ শতক জমি জমা কোবালা দাতার পিতা ৺গোপাল চন্দ্র হালদার মহাশয় এর সোপার্জ্জিত অর্থে খরিদা সুত্রে সম্পত্তিতে অন্যের নিরাংশে চিহ্নিত মতে স্বত্ত্বাধিকারী ও খাস দখলীকার থাকা অবস্থায়, কোবালা দাতা আমি, শ্রীসতীশ চন্দ্র হালদার, তাঁহার একমাত্র পুত্র কে ওয়ারেশান রাখিয়া পরলোক গমন করিলে, পিতার অবর্ত্তমানে পিতৃত্যক্ত, সম্পত্তিতে আমি ওয়ারেশান সুত্রে প্রাপ্ত হইয়া ষোল আনা মতে অন্যের নিরাংশে নির্ব্যূঢ় স্বত্ত্বে, নির্দ্দায়, নির্দোষ ও মুক্তাবস্থায় থাকে ভোগ দখলীকার আছি, — একক্ষনে আমার টাকার বিশেষ প্রয়োজন হওয়ায়, ৭৬৬ নং দাগের বাস্তু জমি হইতে প্রতি কাঠা ৮০০, টাকা হিসাবে, কিয়দংশ জমি বিক্রয় করিবার ঘোষনা করিলে, কোবালা —

সতীশ

484

No. ....

Sold to Tarapada Sarkar

of Rally Bagan Colony - Cal-32

Date 1.7.64 Value Rs 30/-

Vendor ....

Sealdah Police Court.

10.7.63

Sub-Registrar of Alipore

PARGANAS

2R$50nP

INDIA

दो रुपये पचास नये पैसे

TWO RUPEES भारत FIFTY NAYE PAISE

দো রুপয়ে পচাস নয়ে পৈসে

৩

গ্রহীতা আপনি আমার ঘোষনানুযায়ী কিছু জমি খরিদ করিবার প্রস্তাব করেন। এবং আমি আপনার প্রস্তাবে সম্পূর্ন সম্মত হইয়া, উক্ত বাস্তু ভুমির দক্ষিনাংশে চিহ্নিত মতে অত্র দলিল সঙ্গীয় প্ল্যানে লাল রংয়ে রঞ্জিত চিহ্নিত করা ৩।৭।২৮' স্কোয়ার ফুট, তিন কাঠা সাত ছটাক আটাশ স্কোয়ার ফুট, রায়তী স্থিতিবান স্বত্বের ভুমি, মায় আভূমাতাদিও সর্ব্বপ্রকার ইজমেন্ট স্বত্বাদি সহ, সর্ব্বোচ্চ বাজার মূল্য বিগত ইংরাজী ২৮শে জুন ১৯৬৪ সাল তারিখে বায়নার অন্দরে ২০১, দুইশত এক টাকা মাত্র ও অদ্যকার তারিখে ২৫৮০, দুই হাজার পাঁচ শত আশী টাকা মাত্র, একুনে মোট ২৭৮১, দুই হাজার সাত শত একাশী টাকা মাত্র, আপনার নিকট হইতে উক্ত পণের সম্যক টাকা নগদ রোক গ্রহন করিয়া ও প্রাপ্তি স্বীকারে উপরোক্ত নিম্ন তপশীলে বিশেষ ভাবে বর্নিত ও চৌহদ্দীস্থিত, কমবেশী ৩।৭।২৮' তিন কাঠা সাত ছটাক আটাশ স্কোয়ার ফুট জমি জমা, মায় সর্ব্বোবিধ ইজমেন্ট স্বত্বাদি সম্পূর্ন নির্দায়, নির্দ্দোষ ও খাস অবস্থায় আপনাকে সাফ বিক্রয় করিলাম। এবং বিক্রীত সম্পত্তিতে আপনাকে যথারীতি খাস দখল দিয়া আপনার নাম বরাবর অত্র সাফ — বিক্রয় —

485/-

No. ...

Sold to Taradhan Sarkar

of Nalfully Garh, Colony, Cal-32

Date 7.7.64 Value Rs 2/50

Vendor ...

Sealdah Police Court.

10.7.63

Sub-Registrar of Alipore,
Dist. 24 PARGANAS

স্ট্যা: ৬০ পৃঃ ৭ চলিতেছে ॥

বিক্রয় কোবালা দলিল সহি সম্পাদন ও রেজেষ্টারী করিয়া দিয়া স্বীকার, অঙ্গিকার প্রকাশ ও প্রচার করিতেছি যে:—

**অত্র** বিক্রীত সম্পত্তিতে আমার যাহা কিছু স্বত্ত্ব স্বামীত্ব অধিকার ও হক হকিয়তাদি ছিল ও আছে তদসমুদায় আমা হইতে চিরতরে রদ ও রহিত হইয়া, উক্ত সম্পত্তি সম্পূর্ণ নির্দ্দায় ও নির্দ্দোষ অবস্থায় নির্ব্যূঢ় স্বত্ত্বে আপনাতেই বর্ত্তিল, এবং আমি ও আমার ওয়ারেশান ও স্থলবর্ত্তীগন ক্রমে বিক্রীত সম্পত্তি হইতে চিরকালের জন্য নিঃস্বত্ত্ববান ও [illegible] দখলচ্যুত হইলাম। আপনি অদ্য হইতে বিক্রীত সম্পত্তিতে আমার যাবতীয় স্বত্ত্বে স্বত্ত্ববান ও দখলে কায়েম দখলীকার হইলেন। এবং বর্ত্তমান মালিক পশ্চিম বঙ্গ রাজ্য সরকার সেরেস্তায় আপনার নিজ নাম জারি করতঃ সন সন হারাহারি খাজনাদি আদায়ে, নিজনামে চেক দাখিলা গ্রহনে, দান বিক্রয়াদির দ্বারা, যাবতীয় হস্তান্তর করনের, বন্ধকাদির দ্বারা দায় সংযোগ করিবার, ও পাকা পোক্তা ইমারতাদি প্রস্তুতের দ্বারা, হস্তান্তর ও রূপান্তরাদি করিবার ক্ষমতা যুক্তে পুত্র, পৌত্রাদি, ওয়ারেশান ও স্থলবর্ত্তীগন ক্রমে পরম সুখে যদৃচ্ছাভাবে ভোগ দখল করিতে থাকুন। তাহাতে আমি বা আমার ওয়ারেশানের কোন ওজর আপত্তি রহিল না, বা কোন ওজর আপত্তি করা চলিবেনা করিলেও তাহা সর্ব্বাদালতে সর্ব্বসময়ে বাতিল নামঞ্জুর ও অগ্রাহ্য বলিয়া গন্য হইবে।—

**আরও** প্রকাশ থাকে যে, বিক্রীত সম্পত্তি আমি ইতিপূর্ব্বে কাহাকেও দান বিক্রয়াদির দ্বারা হস্তান্তর করি নাই, বা জামিনের অথবা বন্ধকাদির দ্বারা দায়াবদ্ধ করি নাই। ঐরূপ করিব বলিয়া, আপনি ব্যতিত অপর কাহারও সহিত চুক্তি করি নাই। বা উহা কোন আদালতের মামলাধীন নহে। বা উহা কোন আদালত কর্ত্তৃক ক্রোক বা নিলাম বিক্রয় হয় নাই। উহা কোন দেবত্তর বা ট্রাষ্ট ভুক্ত সম্পত্তি নহে। বা উহা কাহারও খোরপোষের দাবিতে আবদ্ধ নাই ও কাহারও বেনামদার নাই। বা উহা গভর্ণমেন্ট বা কোন প্রতিষ্ঠান কর্ত্তৃক কখনও একোয়ার করা হয় নাই। বা একোয়ার করিবার জন্য কোন বিজ্ঞাপ্তি প্রচারিত হয় নাই। উক্ত সম্পত্তি সম্পূর্ণ নির্দ্দায়, নির্দ্দোষ মুক্তাবস্থায় আছে, এবং ঐরূপ অবস্থায় আপনাকে সাফ কোবালায় বিক্রয় করিলাম।—

**প্রকাশ** থাকে ভবিষ্যতে কখনও তাহা কোন প্রকারের দায়াবদ্ধ থাকা, কি ঐপ্রকার বা অন্য কোন প্রকার কিছু প্রকাশ পাইলে, কি অত্র কোবালায় বর্নিত আমার কোন উক্তি — মিথ্যা বা ভঞ্চকতা প্রতিপন্ন হইলে, কিম্বা আমি কোন জ্ঞাতব্য বিষয় গোপন করিয়া থাকিলে, আমি আইন আমলে আসিব, এবং তদ্বারা আপনার বা আপনার ওয়ারেশানগনের কোন ক্ষতি হইলে, কোবালা দাতা আমি ওয়ারেশান ও স্থলবর্ত্তীগন ক্রমে. ক্ষতিপুরন সহ — সমুদায় পনের টাকা ফিরৎ দিতে বাধ্য রহিলাম। আপনি অদ্য হইতে খাজনাদি — আদায় দিবেন। ইতিপূর্ব্বের খাজনাদির জন্য আমি দায়ী রহিলাম। উহার সম্পর্কে — আপনার কোন দায়িত্ব নাই বা রহিলনা। বা আপনার নাম পত্তন ব্যপারে আমার কিছু করনীয় থাকিলে, আমি আপনার বা আপনার ওয়ারেশান ও স্থলবর্ত্তীর তলবমতে তাহা করিতে বাধ্য রহিলাম, তদন্যথায় আপনার কোন ক্ষতি হইলে ঐ ক্ষতিপুরন করিতে বাধ্য থাকিলাম।

\+ **অত্র** কোবালায় আংশিক ভূমি বিক্রয় করায় বিক্রীত সম্পত্তির মালিকী — স্বত্বের দলিল ও কাগজপত্র আপনাকে দিতে পারিলাম না, উহা আমার নিকট থাকা — মালিকী স্বত্বের দলিলপত্র কখনও আপনার কিম্বা আপনার ওয়ারেশান ও স্থলবর্ত্তীর — প্রয়োজন হইলে, আমি ওয়ারেশান ও স্থলবর্ত্তীগন ক্রমে, তাহা আপনাদের তলবমতে ও আপনাদের খরচায় যেকোন আদালতাদি স্থানে দাখিল করিতে বাধ্য থাকিলাম। তদন্যথায় আপনাদের কোন ক্ষতি হইলে, আমি ওয়ারেশানগন ক্রমে ঐ ক্ষতি — পুরন করিতে বাধ্য রহিলাম। অত্র কোবালা মূলে আপনার খরিদা সম্পত্তির স্বত্ব — দখলাদি সম্পর্কে কখনও কোন প্রশ্ন উত্থাপিত হইলে, আমি অদ্য পর্য্যন্ত উহাতে আমার স্বত্ব দখল সাব্যস্ত করিতে বাধ্য রহিলাম। আরও প্রকাশ থাকে যে, অত্র কোবালায় কোনভুল ভ্রান্তি ও ত্রুটী বিচ্যুতি থাকা প্রকাশ পাইয়া কোন সংশোধন দলিল কিম্বা আপনার খরিদা স্বত্ব দখল দৃঢ় করিবার জন্য আপর কোন দলিল করার প্রয়োজন হয়, আমি আমার ওয়ারেশান ও স্থলবর্ত্তীগন ক্রমে, আপনার বা আপনার ওয়ারেশানের — তলবমতে আপনাদের খরচে আর কোন পনের টাকা দাবি না করিয়া অত্র — কোবালার পনের বিনিময়ে ঐ দলিল সম্পাদন ও রেজেষ্টারী করিয়া দিব। তদন্যথায় আপনারা আদালত সাহায্যে তাহা করাইয়া নিতে পারিবেন। —

৯

এতদার্থে সুস্থ শরীরে স্বেচ্ছায় সরলান্তঃকরণে, নিজেচ্ছামত ও অন্যের বিনা অনুরোধে ও বিনা প্ররোচনায়, এই দলিল স্বয়ং পাঠ করিয়া, ও তাহার মর্ম্ম সম্যক অবগত হইয়া, পনের বেবাক টাকা, বিগত ২৮শে জুন ১৯৬৪ সাল তারিখে বায়না বাবদ ২০১, দুই শত এক টাকা, অদ্য তারিখে ২৫৮০, দুই হাজার পাঁচ শত আশী টাকা মাত্র, একুনে মোট ২৭৮১, দুই হাজার সাত শত একাশী টাকা মাত্র আপনার নিকট হইতে নগদ বুঝিয়া পাইয়া, আপনার নাম বরাবর অত্র সাফ বিক্রয় কোবালা দলিল সহি সম্পাদন ও রেজেষ্টারী করিয়া দিলাম। ইতি তারিখ বাংলা সন ১৩৭১ সাল ২৬শে আষাঢ়, ইংরাজী সন ১৯৬৪ সাল ১০ই জুলাই।—

তপশীল বিক্রীত জমির পরিচয়:—

জেলা চব্বিশ পরগনা, থানা সদর যাদবপুর, সব রেজেষ্টারী আলিপুর, হালতু ইউনিয়ান বোর্ডের এলাকাধীন পরগনা খাসপুর, রেভিনিউ সার্ভে নং ১৯, জেলা চব্বিশ পরগনা আলিপুর কালেক্টারীর, ২৩০, ২৩৩ নং তৌজির অধীন। বর্ত্তমান মালিক জমিদার পশ্চিম বঙ্গ রাজ্য সরকার পক্ষে, জেলা ২৪ পরগনা কালেক্টার বাহাদুর হইতেছেন, বর্ত্তমান রিভিসন্যাল সেটেলমেন্ট রেকর্ডের, জে.এল. নং ২২, সন্তোষপুর মৌজায় হাল ২৮২ নং খতিয়ান ভুক্ত, ৭৩৬ নং সাত শত ছেয়ত্রী নম্বর দাগ, সাবেক ৬৮৩ নং ছয় শত তিরাশী নম্বর দাগের মধ্যে হইতে কমবেশী ৩।৭।২৮ তিন কাঠা সাত ছটাক আঠাশ স্কোয়ার ফুট রায়তী স্থিতিবান স্বত্বের জমি, অত্র দলিল সংশ্লিষ্ট প্ল্যানে, লাল রংয়ে রঞ্জিত করিয়া দেখান হইয়াছে, উক্ত ভূমির সায় হকভোগ স্বত্বাদি, দরবস্ত হক হকুকাদি সম্পত্তি অত্র কোবালার বিক্রীত সম্পত্তির পরিচয়। বিক্রীত জমির হারাহারি বার্ষিক খাজনা ০.৭৫ নয়া পয়সা বর্ত্তমানে জেলা চব্বিশ পরগনা কালেক্টর বাহাদুর সেরেস্তায় আদায় দিতে হইবে।—

তপশীল


A PLAN OF A PORTION OF C.S. PLOT NO 683, OF KHATIAN NO 282.
MOUZA SANTOSHPUR J.L. NO. 22 P.S. JADAVPUR PARGANA
KHASPUR Dt. (24 PARGANAS).

SCALE 1" = 33'

Ref:-

C.S. PLOT BOUNDERY SHOWN -.-.-.-.-.-

AREA OF THE PORTION OF C.S. PLOT NO 683 COLOURED RED TO BE CONVEYED . . . . . . . . Cot - CH. - Sft 3 - 7 - 28




DRAWN By.
P.K. Mitra 23/6/64
57.C Beltola Rd.
Bhawanipur, Calcutta.

## তপশীল বিক্রীত ভূমির সীমানা চৌহদ্দি :—

উত্তর।— অত্র ৭৬৩নং দাগে আমার বাস্তু বাটী ও বসতী জমি।—

দক্ষিন।— রাস্তা ও পশ্চিম বঙ্গ রাজ্য সরকারে কাটা খাল জমি।—

পূর্ব্ব।— ৭৬৭নং দাগে, আমার খাস পুষ্করিনী।—

পশ্চিম।— শ্রী উমাচরন পাটোয়ারীর ডাঙ্গা জমি হইতেছে।—

## কৈফিয়াৎ :—

তৃতীয় পৃষ্ঠায়।— ৪র্থ,লাইনে, "ঐ" শব্দ, ৬ষ্ঠ,লাইনে,"ক" শব্দ, ৭ম,লাইনে, "ও" "খুব" শব্দ বসানি দেবারায় হইয়াছে।—

চতুর্থ পৃষ্ঠায়।— ৭ম,লাইনে, "দখ" অক্ষর কাটা হইয়াছে।—

ষষ্ঠ পৃষ্ঠায়।— ১১শ,লাইনে, "প্রলাধিন" শব্দ কাটা হইয়াছে।—

শ্রী [illegible]

সাক্ষীইসাদি।—

শ্রী [illegible] সাং গড়ঘাট

শ্রী সুরেন চন্দ্র দাস

[illegible]

দলিল লেখক

শ্রী শশী ভূষণ পাল
সাং গড়ঘাট
[illegible]